# ডাউন সিনড্রোম যুক্ত শিশু-কিশোরদের (<১৮ বছর) মধ্যে কোভিড ১৯: ট্রাইসোমি ২১ রিসার্চ সোসাইটির সমীক্ষা


## মূল বার্তা

মহামারীর প্রথম পর্যায়ে (এপ্রিল অক্টোবর ২০২০) প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে এই বার্তা

- ডাউন সিনড্রোম যুক্ত শিশু-কিশোর, বিশেষত কিশোর-কিশোরীদের ক্ষেত্রে কোভিড ১৯ দ্বারা গুরুতরভাবে আক্রান্ত হওয়ার সম্ভাবনা অনেক বেশি এবং তাদের টিকাকরণের জন্য অগ্রাধিকার দেওয়া প্রয়োজন
- ডাউন সিনড্রোম যুক্ত শিশুদের মধ্যে যাদের বয়স তুলনামুলক বেশী অথবা যাদের স্থূলতা বা মৃগী রোগ রয়েছে, তাদের কোভিড ১৯ এর জন্য হাসপাতালে ভর্তি হওয়ার সম্ভাবনা অনেক বেশী
- আমাদের এই সমীক্ষায় অংশগ্রহণকারী ডাউন সিনড্রোম যুক্ত শিশুরা বেশিরভাগই কম বা মধ্য উপার্জন ক্ষমতাসম্পন্ন দেশের হওয়াটা এই সমীক্ষার একটি গুরুত্বপূর্ণ সীমাবদ্ধতা
- ডাউন সিনড্রোম যুক্ত শিশুদের ক্ষেত্রে কোভিড ১৯ এর জন্য মৃত্যুর হার কম বা মধ্য উপার্জন ক্ষমতাসম্পন্ন দেশগুলিতেও কম

## সমীক্ষায় অংশগ্রহণকারী

৩২৮ জন কোভিড ১৯ আক্রান্ত ডাউন সিনড্রোম যুক্ত শিশু-কিশোর (১২৭ জনকে হাসপাতালে ভর্তি হতে হয়েছে)






নিয়ন্ত্রিত দল (US COVID-NET): ২২৮ জন ডাউন সিনড্রোম বিহীন শিশু-কিশোর যারা কোভিড ১৯ দ্বারা আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিল [1]

## হাসপাতালে ভর্তি হওয়া কোভিড ১৯ আক্রান্ত রোগীদের মধ্যে রোগের লক্ষণ এবং জটিলতা

হাসপাতালে ভর্তি ডাউন সিনড্রোম যুক্ত শিশু-কিশোরদের মধ্যে কাশি, জ্বর, নাক বন্ধ হওয়া এবং শ্বাসকষ্ট অনেক বেশী মাত্রায় দেখা গিয়েছে।

ডাউন সিনড্রোম যুক্ত শিশু-কিশোরদের মধ্যে নিউমোনিয়া, অ্যাকিউট রেস্পিরেটরি ডিস্ট্রেস সিনড্রোম (ARDS), অ্যাকিউট রেনাল ফেলিওর অনেক বেশী মাত্রায় দেখা গিয়েছে।




৩২৮ জন ডাউন সিনড্রোম যুক্ত শিশু-কিশোরদের মধ্যে ৪ জনের (১.৩%) মৃত্যু হয়েছে। সবকটি মৃত্যুই কম অথবা মধ্য উপার্জন ক্ষমতাসম্পন্ন দেশগুলিতে হয়েছে।

## যেসবের জন্য গুরুতর কোভিড ১৯ হওয়ার ঝুঁকি বৃদ্ধি পায়

### হাসপাতালে ভর্তি হওয়ার ক্ষেত্রে

- বয়স (কিশোর-কিশোরী)
- স্থূলতা
- মৃগী/ খিঁচুনি

### অ্যাকিউট রেস্পিরেটরি ডিস্ট্রেস সিনড্রোম-এর ক্ষেত্রে

- বয়স (কিশোর-কিশোরী)
- থাইরয়েড গ্রন্থির সমস্যা

### শ্বাসকষ্টের ক্ষেত্রে

- বয়স (কিশোর-কিশোরী)

## সীমাবদ্ধতা

- সমীক্ষায় অংশগ্রহণকারীরা বিভিন্ন দেশের বিভিন্ন ধরনের স্বাস্থ্য ব্যবস্থা ও পরিষেবা পেয়েছেন; অতএব এই সমীক্ষার ফল সকলের ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য নয়।
- এই সমীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে উচ্চ উপার্জন ক্ষমতাসম্পন্ন দেশগুলি থেকে ২৩ জন কোভিড ১৯ আক্রান্তকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে, অন্যদিকে কম অথবা মধ্য উপার্জন ক্ষমতাসম্পন্ন দেশগুলির ১০০ জনকে একই কারনে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। দেশভিত্তিক এই তুলনা আমাদের প্রিপ্রিন্টে আরও বিশদে রয়েছে। [2]
- সকল তথ্যসমূহ মহামারীর প্রথম পর্যায় সংগ্রহ করা হয়েছিল, ফলে উপসর্গহীন রোগীদের, অথবা নতুন স্ট্রেন দ্বারা আক্রান্ত রোগীদের সংখ্যা এই সমীক্ষায় নগণ্য।

## উৎস

[1] Kim L, Whitaker M, O'Halloran A et al. Hospitalization Rates and Characteristics of Children Aged <18 Years Hospitalized with Laboratory-Confirmed COVID-19 — COVID- NET, 14 States, March 1–July 25, 2020. *MMWR Morb Mortal Wkly Rep*. 2020;69(32):1081-1088. doi:10.15585/mmwr.mm6932e3

[2] Emes D, Hüls A, Baumer N et al. COVID-19 in Children with Down Syndrome: Data from the Trisomy 21 Research Society Survey, medRxiv Preprint 2021. doi: https://doi.org/10.1101/2021.06.25.21259525

## কৃতজ্ঞতা স্বীকার

The Trisomy 21 Research Society (T21RS) COVID-19 Taskforce developed the survey, with the financial and dissemination support of Down Syndrome Affiliates in Action (DSAIA), Down Syndrome Medical Interest Group-USA (DSMIG-USA), GiGi's Playhouse, Jerome Lejeune Foundation, LuMind IDSC Foundation, The Matthew Foundation, National Down Syndrome Society (NDSS), and the National Task Group on Intellectual Disabilities and Dementia Practices (NTG). These and other international Down syndrome organizations are members of the T21RS COVID-19 stakeholders advisory group that provided advice to inform the design of the survey questions and interpretation of results, including the Global Down Syndrome Foundation (USA), DSA (UK), DSMIG (UK), DSMIG (USA), DSRF-UK, DSi, DSE international, Trisomie21-France, Down España, National Down Syndrome Congress (NDSC), Down Madrid, Fundació Catalana Síndrome de Down (Spain), EDSA, Royal College of Psychiatrists, CoorDown (Italy), Associazione Italiana Persone Down (AIPD; Italy), AFRT (France), Fundación Iberoamericana Down 21 (Spain), FIADOWN (Latin America), Federação Brasileira das Associações de Síndrome de Down (Brazil) and the European Down Syndrome Association. We acknowledge the contribution of DS-Connect® (The Down Syndrome Registry) which is supported by the *Eunice Kennedy Shriver* National Institute of Child Health and Human Development (NICHD), NIH for the dissemination of the T21RS survey. We also wish to thank the many families and clinicians who contributed to the survey.